দৈনিক
আমাদের সময়

12 AUG 2016

পর্যায়ক্রমে এমপিওভুক্তির সুপারিশ কমিটির

নিজস্ব প্রতিবেদক ●

পর্যায়ক্রমে এমপিওভুক্তির প্রক্রিয়া শুরু করার বিষয়ে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। গতকাল বৃহস্পতিবার জাতীয় সংসদে অনুষ্ঠিত দশম জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় এই সুপারিশ করা হয়। বৈঠকে বলা হয়, অর্থ বরাদ্দ সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিভিন্ন ক্যাটাগরিতে বিভক্ত করতে হবে। এ ছাড়া শহর ও গ্রামের শিক্ষার্থীদের মধ্যে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের কারণে সৃষ্ট বৈষম্য হ্রাস করা এবং উপজেলায় কর্মরত শিক্ষা অফিসারদের মাঠ পর্যায়ে শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদান পরিকল্পনা সঠিকভাবে মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।